বিপিএটিসি স্কুল এন্ড কলেজ
সাভার, ঢাকা।
পাঠ মূল্যায়ন -১
শ্রেণি :দশম
বিষয় :বাংলা প্রথম পত্র(সৃজনশীল প্রশ্ন)

সময়:২ঘণ্টা ৩০মিনিট পূর্ণমান:৭০

[বি:দ্র:ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও।একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

ক-অংশ:গদ্য

১।পুলিশ অফিসার শিপন সাহেবের ছেলে শিহাব ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়েছে। তার জন্য ও– রক্তের প্রয়োজন হয়।কিন্তু কোন রক্তদাতা পাওয়া যাচ্ছিল না।অনেক চেষ্টার পর রাকিব নামক এক যুবকের সন্ধান পাওয়া যায়,যে রক্ত দিয়ে শিহাবের জীবন বাঁচায়।অপরদিকে একটি সন্ত্রাসী অভিযান চালাতে গিয়ে শিপন সাহেব জানতে পারেন রাকিব সন্ত্রাসী কর্মকাণ্ডের সাথে যুক্ত। শিপন সাহেব এ সময় তাঁর দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে রাকিবকে গ্রেপ্তার করেন।

ক.তক্ষক শব্দের অর্থ কী? ১
খ.'মহারাজার রুচি দেখে মুগ্ধ হতে হয়।'–কেন? ২
গ.'নিয়তি' গল্পের কোন ভাবটি উদ্দীপকে ফুটে উঠেছে? -ব্যাখ্যা কর। ৩
ঘ."উদ্দীপকের রাকিবের পরিণতির মাধ্যমে 'নিয়তি' গল্পের মূলসুর ধ্বনিত হয়েছে। " -বিশ্লেষণ কর। ৪

২.১৯৭১ সাল,চট্টগ্রামের পাহাড়তলীতে ছিল খান সেনাদের অপ্রতিরোধ্য অবস্থান। পুরো এলাকার মানুষ ঘর ছেড়ে বের হবার সাহস পায়নি।একদিন ইস্পাহানি কোম্পানির ক'জন কর্মচারী নিজেদের তৈরি বোমা ফাটিয়ে খান সেনাদের তিনটি জিপ উড়িয়ে দেয়।নিহত হয় ১৪ জন সেনা।তারপর থেকে বিভিন্ন জায়গায় চলতে থাকে গেরিলা হামলা।

ক.গোয়েবলস্ কে? ১
খ."প্রতিঘাতের ছোট ছোট স্ফুলিঙ্গ " –বলতে লেখিকা কী বুঝিয়েছেন? ২
গ."উদ্দীপকের কর্মচারীদের সাহসী ভূমিকার সাথে 'একাত্তরের দিনগুলি'–এর একটি বিশেষ সাদৃশ্য রয়েছে "–ব্যাখ্যা কর। ৩
ঘ."উদ্দীপকটি 'একাত্তরের দিনগুলি' রচনার
সমগ্র ভাবকে ধারণ করেনি" –বিশ্লেষণ কর।” ৪

৩.কাহিনির উৎস পৌরাণিক বা ঐতিহাসিক কোন ঘটনা, আয়তনে বিশাল।কাহিনি বিভিন্ন সর্গে বা পর্বে বিভক্ত,সাধারণত পদ্যে রচিত হয় তবে গদ্যেও হতে পারে।এর নায়ক হবে বীর,প্রভাবশালী, আপসহীন দৃঢ়চেতা।কাহিনির উত্থান –পতন থাকবে।

ক.'নীলদর্পণ 'নাটকটি কার লেখা? ১
খ.নাটককে দৃশ্যকাব্য ও শ্রব্যকাব্য বলা হয় কেন? ২
গ.উদ্দীপকের বক্তব্যে 'সাহিত্যের রূপ ও রীতি' রচনার সাহিত্যের কোন শাখার বৈশিষ্ট্য বিদ্যমান–ব্যাখ্যা কর। ৩
ঘ.'উদ্দীপকে বর্ণিত দিকটিই সাহিত্যের একমাত্র দিক নয় বরং এর শাখা–প্রশাখা বিস্তৃত। 'মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

খ –অংশ পদ্য:

৪.আসাদ সাহেব ব্যাংকে ক্যাশিয়ার হিসেবে তিরিশ বছর যাবৎ কর্মরত।তিনি সবার আগে অফিসে আসেন এবং সবার পরে যান।একদিন ভাইয়ের মৃত্যু সংবাদ পেয়ে অপরাহ্নে বাড়ি যান।পরদিন যথাসময়ে অফিসে আসেন।তার কারণে যাতে কারো কষ্ট না হয় সে ব্যাপারে তিনি সচেতন।

ক.রানার ভোরে কোথায় পৌঁছে যাবে? ১
খ.'জীবনের সব রাত্রিকে ওরা কিনেছে অল্প দামে।'উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ.উদ্দীপকের আসাদ সাহেবের মাঝে'রানার' কবিতার রানার চরিত্রের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর।৩
ঘ 'আসাদ সাহেব রানার চরিত্রের একটি বিশেষ দিককে ধারণ করলেও রানার স্বতন্ত্র'–মন্তব্যটির যথার্থতা যাচাই কর। ৪

৫. আমি বাংলায় গান গাই
আমি আমার আমিকে চিরদিন
এই বাংলায় খুঁজে পাই।
আমি বাংলায় দেখি স্বপ্ন
আমি বাংলায় বাঁধি সুর
আমি এই বাংলায় মায়া ভরা পথে
হেঁটেছি এতটা দূর।

ক.বাঙালি জাতির বীজমন্ত্রটি কী? ১
খ.'এসেছি বাঙালি রাষ্ট্রভাষার লাল রাজপথ থেকে' উক্তিটি দ্বারা কী বুঝানো হয়েছে? ২
গ.উদ্দীপকের মূল বক্তব্য কোন দিক দিয়ে 'আমার পরিচয়' কবিতার সঙ্গে সাদৃশ্যপূর্ণ–ব্যাখ্যা কর। ৩
ঘ.'হেঁটেছি এতটা দূর'–উদ্দীপকের এ উক্তিটি 'আমার পরিচয় 'কবিতার আলোকে মূল্যায়ন কর। ৪

গ অংশ - উপন্যাস

৬. মাহবুব আলম ছিলেন স্কুল শিক্ষক। তেতাল্লিশের দুর্ভিক্ষে তিনি স্ত্রী, পুত্র, কন্যাদের অনাহারে মৃত্যুবরণ করতে দেখেছেন। লাশগুলোকে কবর পর্যন্ত দিতে পারেননি। সেগুলো শিয়াল-শকুনে খুবলে খুবলে খেয়েছে। এসব দৃশ্য দেখে তিনি পাগল হয়ে গেছেন।..
ক. উপন্যাসের দ্বিতীয় উপাদান কী? ১
খ. ' ইস শখ কত! বানরের আবার চাঁদে যাওয়ার সাধ। '- উক্তিটি কে, কোন প্রসঙ্গে করেছিল? -ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মাহবুব আলম 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে চরিত্রের সঙ্গে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর।৩
ঘ. চরিত্র দুটির মধ্যে সাদৃশ্য থাকলেও উভয়কে একসূত্রে গাঁথা চলে না। -উদ্দীপক ও 'কাকতাড়ুয়া 'উপন্যাসের আলোকে উক্তিটির যথার্থতা নিরুপণ কর। ৪

ঘ অংশ -নাটক

৭. তুহিনের বাবা একজন নামজাদা পীর ছিলেন। তার পিতার অসংখ্য মুরিদান ছিল। তারা তুহিনকে পীর হিসাবে খেদমত করতে চাইত। আধুনিক শিক্ষায় শিক্ষিত তুহিন তা পছন্দ করত না। একজন মুরিদান তার পায়ে সালাম করতে গেলে তুহিন দ্রুত বাঁধা দেয় এবং সরে যায়,এতে লোকটি ভাবল বেহেশতের দুয়ারের চাবি তার হাতছাড়া হয়ে গেল।
ক. ' চাঁদের অমাবস্যা ' কী ধরনের রচনা? ১
খ. 'দুনিয়াটা সত্যি কঠিন পরীক্ষাক্ষেত্র। '- উক্তিটি কে, কোন প্রসঙ্গে বলেছিল। -ব্যাখ্যা কর। ২
গ.উদ্দীপকে 'বহিপীর ' নাটকের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের তুহিন এবং 'বহিপীর ' নাটকের বহিপীরের মধ্যে চেতনাগত বৈসাদৃশ্য নিরুপণ কর। ৪

পাঠ মূল্যায়ন -১
শ্রেণি:দশম
বাংলা প্রথম-পত্র (জ্ঞানমূলক প্রশ্ন)

[বি:দ্র: উত্তর প্রাসঙ্গিক হতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১।]

সময়: ৩০মিনিট পূর্ণমান:৩০

১. ' কালোমেঘের ভেলা ' গ্রন্থটির রচয়িতা কে ?
২. 'কবিতার হাতে রাইফেল ' - কথাটি কী অর্থে ব্যবহৃত হয়েছে ?
৩.মন্ময় প্রবন্ধে কী প্রাধান্য পায় ?
৪. পল্লিকবি রচিত 'নকশীকাঁথার মাঠ' কী ধরনের গ্রন্থ ?
৫.'নিয়তি 'গল্পটি হুমায়ূন আহমেদের কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে ?
৬. 'কপালকুণ্ডলা ' উপন্যাসের রচয়িতার নাম লিখ।
৭.' অতঃপর কবি এসে জনতার মঞ্চে দাঁড়ালেন'।এখানে কবি কে?
৮. কবীর চৌধুরীকে কোন উপাধিতে ভূষিত করা হয় ?
৯.শভিনিস্টিক' বলতে কী বুঝায় ?
১০.শরীফ কে ছিলেন ?
১১. মহাকাব্য 'রামায়ণ ' এ বর্ণিত রাবণের বোনের নাম কী?
১২.রানারের ক্লান্তশ্বাস কী ছুঁয়েছে ?
১৪.শাহবাজপুরের জোয়ান কৃষকের নাম কী ?
১৫.কবি শামসুর রাহমান পেশায় কী ছিলেন ?
১৬. ' প্রহসন ' কী?
১৭. গজনি মামুদ কে?
১৮.'জন সমুদ্রের উদ্যান সৈকত' বলতে কবি কী বুঝিয়েছেন ?
১৯. ১৯৭১ সালের ১০ মে কী বার ছিল?
২০.'পয়লা বৈশাখ' প্রবন্ধের আলোকে 'আইন –ই–আকবরী' কত বছর আগে রচিত হয় ?
২১. উপনিবেশ বলতে কী বুঝায়?
২২.বুধার কয় ভাইবোন কলেরায় মারা যায় ?
২৩.বুধা কার বোঝা এগিয়ে দিয়েছিল ?
২৪.'হাঙর নদী গ্রেনেড' উপন্যাসের রচয়িতা কে ?
২৫.বুধার চাচির চোখ উজ্জ্বল হয় কেন ?
২৬.হাশেম আলি কিসের ব্যবসা করতে চায় ?
২৭. 'সুরমা চৌধুরী আন্তর্জাতিক স্মৃতি পুরস্কার (ভারত) ' পেয়েছেন কোন সাহিত্যিক?
২৮.চাতাল বলতে কী বোঝানো হয়েছে?
২৯.'তোমার মিনারে চড়িয়া-------'শূন্যস্থানে কী হবে?
৩০.'আমার পরিচয়' কবিতায় উল্লিখিত নদীর সংখ্যা কত ?